

প্রাথমিকের ৬৫ শতাংশ শিক্ষার্থী বাংলা ও ইংরেজি পড়তে পারে

নিজস্ব প্রতিবেদক

২৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:২১

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আকরাম-আল-হোসেন বলেছেন, এখন প্রাথমিক বিদ্যালয়ের ৬৫ শতাংশ শিক্ষার্থী বাংলা ও ইংরেজি বিষয়ে রিডিং পড়তে পারছে। গতকাল প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে মীনা দিবস উপলক্ষে আলোচনাসভায় তিনি এ কথা বলেন। ‘মনের মতো স্কুল পেলে শিখব মোরা হেসে খেলে’ সেংগান এবং ‘মানসম্মত শিক্ষাকে’ থিম নির্বাচন করা হয়েছে দিবসটিতে।

আকরাম-আল-হোসেন বলেন, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৫ শতাংশ শিক্ষার্থী বাংলা ও ইংরেজি বিষয়ে রিডিং পড়তে পারে না বলে গত বছর বিশ্বব্যাংকের প্রতিবেদনে তুলে ধরা

হয়। গত এক বছরের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নানা উদ্যোগ নেয়। তার সুফল হিসেবে বর্তমানে সেই প্রতিবেদন চিত্র উল্টে গেছে।

সচিব আরও বলেন, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করাই আমাদের মূল লক্ষ্য। তাই দেশের বিদ্যালয়গুলো দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে তোলা হবে। প্রথমে ঢাকা মহানগরের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর পরিবর্তন আনা হবে। পর্যায়ক্রমে দেশের সব বিদ্যালয় শিশুদের উপযোগী করে তোলা হবে।

advertisement

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এএফএম মনজুর কাদির বলেন, মীনা কার্টুনের মাধ্যমে সমাজিক সচেতনতা ও কন্যাশিশুদের প্রতি বৈষম্য কমে গেছে। বর্তমানে নারীরা অনেক এগিয়ে এসেছে। এখনো যেসব স্থানে এমন বৈষম্য রয়েছে তা দূর করতে হবে।